দৈনিক বাংলা

তারিখ ... AUG 1989
পৃষ্ঠা ... 1 ... কলাম 8

031

# এস এস সি মার্কস সার্টিফিকেট এখনও স্কুলে পৌঁছেনি

।। স্টাফ রিপোর্টার ।।

কলেজে উচ্চ মাধ্যমিক ক্লাসে ভর্তির জন্যে আবশ্যিক মার্কস সার্টিফিকেট স্কুলগুলোতে এখনও

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## এসএসসি মার্কস

(প্রথম পৃঃ পর)

পৌঁছেনি। উত্তীর্ণ ছাত্রছাত্রী, শিক্ষক ও অভিভাবক মহল এজন্যে উদ্বিগ্ন।

চলতি মাসের ১৭ বা ১৮ তারিখে স্কুল কর্তৃপক্ষকে বোর্ড থেকে মার্কস সার্টিফিকেট সংগ্রহ করতে বলা হয়েছে।

এ বছর ঢাকা বোর্ড থেকে এস-এসসি পাস করেছে ৫৩ হাজার ২৯১ জন ছাত্রছাত্রী। এদের প্রত্যেকের জন্যেই আলাদা আলাদা সার্টিফিকেট লিখতে হবে।

বোর্ডের একটি সূত্র জানান: গতকাল পর্যন্ত প্রায় ৪০ হাজার ছাত্র-ছাত্রীর মার্কস সার্টিফিকেট লেখা শেষ হয়েছে। লেখা শুরু হয়েছে গত ১লা আগস্ট। ৮০ জন লোক রোজ দুপুর বারোটা থেকে রাত আটটা পর্যন্ত এই লেখায় বর্তমানে ব্যাপৃত।

সূত্রটি জানান: গতবার ঢাকা বোর্ডে পাসের হার ছিল ৬৩ দশমিক ১৫ শতাংশ। এবারের হার ৩৯ দশমিক এক।

রাজধানী ঢাকার ছাত্র-ছাত্রীদের পাসের হার ৭০ শতাংশ। গতবার কিছুটা বেশি ছিল। অর্থাৎ রাজধানীতে পাসের হারে বিশেষ হেরফের ঘটেনি।